


পরিচালকদের সংক্ষিপ্ত জীবন-বৃত্তান্ত

ডঃ স্বপন কুমার ধর
চেয়ারম্যান



ডঃ স্বপন কুমার ধর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৪ সালে পরিসংখ্যান বিষয়ে সন্মান এবং ১৯৭৫ সালে একই বিষয়ে এমএসসি ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি ১৯৮২ সালে দিল্লী বিশ্ববিদ্যালয় থেকে Mathematical Statistics বিষয়ে এম ফিল এবং একই বিশ্ববিদ্যালয় থেকে একই বিষয়ে ১৯৮৯ সালে পিএইচডি ডিগ্রী লাভ করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগে Lecturer হিসেবে যোগদান করেন এবং ২০১৯ সালে একই বিভাগের Professor হিসেবে অবসর গ্রহন করেন। জনাব ডঃ স্বপন কুমার ধর ২০০১ সাল থেকে ২০০৪ সাল পর্যন্ত পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্বপালন করেন। তিনি ফাইন্যান্স কমিটির সদস্য, সিডিকেড ও সিনেট সদস্য, প্রভোস্ট, ফ্যাকাল্টির সার্চ কমিটির সদস্য ছিলেন। এছাড়াও তিনি University of Benghazi, Libya, Faculty of Economics এ Asst. Professor হিসেবে ১৯৯৭ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত অধ্যাপনা করেছেন। শিক্ষকগত পেশায় তার ৩৩ বৎসরের অভিজ্ঞতা আছে। তিনি উচ্চতর ডিগ্রি ও পেশাগত দক্ষতা অর্জনে বিদেশে ভ্রমণ ও আবস্থান করেছেন। তিনি কোম্পানিতে স্বতন্ত্র পরিচালক এবং নমিনেশন অ্যান্ড রিমিউনারেশন কমিটির চেয়ারপারসন হিসেবে নিয়োজিত আছেন। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক তিনি আজিজ পাইপস্ লিঃ এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোহাম্মদ আব্দুল হালিম
উদ্যোক্তা পরিচালক



মোহাম্মদ আব্দুল হালিম, উদ্যোক্তা পরিচালক হিসেবে আজিজ পাইপস্ লিমিটেডে দায়িত্ব পালন করছেন। তিনি অর্থনীতি বিষয়ে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৫ সালে সন্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি বিভিন্ন ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছেন। এক্ষেত্রে তার দীর্ঘ ৪৫ বৎসর অভিজ্ঞতা আছে। তিনি প্রথম বেসরকারী ব্যাংক, ন্যাশনাল ব্যাংক লিমিটেডের সাবেক পরিচালক ছিলেন।

মোহাম্মদ আহসান উল্লাহ
উদ্যোক্তা পরিচালক



মোহাম্মদ আহসান উল্লাহ, আজিজ পাইপস্ লিমিটেডের একজন উদ্যোক্তা পরিচালক। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে ইলেকট্রিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি লাভ করেন। বর্তমানে তিনি বিদেশে অবস্থান/বসবাস করছেন।

মোহাম্মদ আসাদ উল্লাহ
পরিচালক



মোহাম্মদ আসাদ উল্লাহ, বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ করেন এবং অহিও স্টেট ইউনিভার্সিটি, ইউএসএ থেকে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি আজিজ পাইপস্ লিমিটেডের একজন পরিচালক। বর্তমানে তিনি বিদেশে অবস্থান/বসবাস করছেন।